

শেখ হাসিনার মমতা
প্রতিবন্ধদের জন্য নিয়মিত ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
ফটিকছড়ি, চট্টগ্রাম।
dss.fatikchhari.chittagong.gov.bd

স্মারক নং: ৪১.০১.১৫৩৩.০০০.১৬.০০০.২৩. ২২৮

তারিখঃ ০২/০৮/২০২৬

বিষয়ঃ জনসচেতনতা মূলক পদক্ষেপ গ্রহণ করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ফটিকছড়ি উপজেলায় সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ভাতা কার্যক্রমের আওতাধীন উপকারভোগীদের কাছে সমাজসেবা অফিসার/সমাজসেবা অফিস এর নাম করে একদল প্রতারক চক্র মোবাইল ফোনে কল দিয়ে উপকারভোগীদের কাছ থেকে নগদ একাউন্ট এর পিন কোড হাতিয়ে নিয়ে সরকার প্রদত্ত ভাতার টাকা নিয়ে যাচ্ছে। প্রতিদিন অসংখ্য ভাতাভোগী অফিসে এসে অভিযোগ দিচ্ছে। তাই সকল স্তর থেকে জনসচেতনতা মূলক পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

এমতাবস্থায় আপনার ইউনিয়নের ধর্মীয় প্রতিষ্ঠান যেমনঃ মসজিদ, মন্দির, গীর্জা এর মাইক থেকে এ বিষয়ে জনসচেতনতামূলক তথ্য (যেমনঃ সমাজসেবা অফিস থেকে কল দিয়ে কখনও কারো নগদ একাউন্টের কোন তথ্য চাওয়া হয়না, যদি সমাজসেবা অফিস থেকে জরুরী কোন কাজে কল দেওয়া হয় তাহলে ভাতাভোগীকে স্বশরীরে অফিসে আসার জন্য বলা হয়ে থাকে) প্রচার করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

মেয়র/চেয়ারম্যান

.....পৌরসভা/ইউনিয়ন (সকল)
ফটিকছড়ি, চট্টগ্রাম।

Ranjee
02.08.2023
রাজীব আচার্য

উপজেলা সমাজসেবা অফিসার
ফটিকছড়ি, চট্টগ্রাম।

সদয় জ্ঞাতার্থেঃ(জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

০১. উপজেলা চেয়ারম্যান, সভাপতি, উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি, ফটিকছড়ি, চট্টগ্রাম।
০২. উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম।
০৩. সংরক্ষণ নথি।